

নবীগঞ্জ 'উপজেলা উন্নয়ন মেলা' আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : মুহাম্মদ মাসুম বিল্লাহ
 উপজেলা নির্বাহী অফিসার,
 নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভার তারিখ ও সময় : ১৫-০৯-২০১৫ খ্রিঃ সকাল-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালে বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক অর্জনের প্রচারণার অংশ হিসেবে 'উপজেলা উন্নয়ন মেলা' আয়োজনের বিষয়ে নির্দেশনা পাওয়া গেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও মতামত প্রদানের জন্য সকলকে অনুরোধ জানান।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	<p>আলোচনা-১ : সভাপতি মহোদয় সভায় জানান যে, MDG অর্জনের মাধ্যমে নিম্ন-মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার বিষয়টি জনগণের মাঝে ব্যাপক প্রচারের নিমিত্ত 'উপজেলা উন্নয়ন মেলা' আয়োজন করতে হবে। এজন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দও একমত পোষন করেন এবং মেলাটি যাতে সুন্দর ভাবে সম্পন্ন হয় সে বিষয়ে সহযোগীতার আশ্বাস প্রদান করেন।</p> <p>আলোচনা-২ : বাজেট বরাদ্দঃ</p> <p>সভাপতি জানান যে, 'উপজেলা উন্নয়ন মেলা' বাস্তবায়নে একটি বাড়ি একটি খামার প্রকল্প হতে ১০,০০০/- (দশ হাজার) এবং এটুআই প্রকল্প হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা আছে। এ ছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে অর্থ গ্রহণের সুযোগ আছে। সে মতে উক্ত মেলা বাস্তবায়নে কত টাকা প্রয়োজন হতে পারে এ মর্মে সভাকে অবহিত করলে আলোচনাস্তে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হতে পারে মর্মে সকলে একমত পোষন করেন।</p>	<p>বিস্তারিত আলোচনাস্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>সিদ্ধান্ত-১ঃ আগামী ২৮, ২৯ ও ৩০ সেপ্টেম্বর ২০১৫খ্রিঃ তারিখ ৩(তিন) দিনব্যাপী 'উপজেলা উন্নয়ন মেলা' উপজেলা পরিষদ কমপ্লেক্সে আয়োজন করা যেতে পারে মর্মে উপস্থিত কর্মকর্তাবৃন্দ মতামত প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত-২ঃ মেলা আয়োজন উপলক্ষ্যে মাইকিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>সিদ্ধান্ত-৩ঃ উদ্বোধনী দিনে শোভাযাত্রার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>সিদ্ধান্ত-৪ : সকল দপ্তরে উন্নয়ন কর্মকান্ড যাতে জনগণ জানতে পারে সে লক্ষ্যে উন্নয়ন মেলায় প্রত্যেক দপ্তরের ১টি ষ্টল থাকতে হবে।</p> <p>সিদ্ধান্ত-৫ঃ প্রত্যেক দপ্তরের ১০(দশ) টি উন্নয়নমূলক কাজের হার্ডকপিসহ সফট কপির সিডি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>সিদ্ধান্ত-৬ঃ 'উপজেলা উন্নয়ন মেলা' বাস্তবায়নে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। আপাতত উপজেলা রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় সংস্থানের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>বিভাগীয় প্রধান (সকল) নবীগঞ্জ, হবিগঞ্জ।</p>
	<p>আলোচনা-৩ : সভায় 'উপজেলা উন্নয়ন মেলা' সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়ঃ</p>	<p>'উপজেলা উন্নয়ন মেলা' সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্ন বর্ণিত কমিটি গঠন করা হয়ঃ</p> <p>মাননীয় সংসদ সদস্য, নবীগঞ্জ-বাহুবল নির্বাচনী এলাকা</p> <p>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ</p> <p>২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ</p> <p>৩। মেয়র, নবীগঞ্জ পৌরসভা, নবীগঞ্জ, হবিগঞ্জ</p> <p>৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ</p> <p>৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ</p> <p>৬। উপজেলা পর্যায়ে বিভাগীয় প্রধান (সকল), নবীগঞ্জ, হবিগঞ্জ</p> <p>৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নবীগঞ্জ, হবিগঞ্জ</p> <p>৮। ব্যবস্থাপক, ব্যাংক(সকল), নবীগঞ্জ, হবিগঞ্জ</p>	<p>উপদেষ্টা</p> <p>সভাপতি</p> <p>সদস্য সচিব</p> <p>সদস্য</p> <p>সদস্য</p> <p>সদস্য</p> <p>সদস্য</p> <p>সদস্য</p> <p>সদস্য</p>

